**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৯০/২০১৭-১৮**

**ঢাকা, রোববার, ১ এপ্রিল ২০১৮, ১৮ চৈত্র ১৪২৪**

১। চিকিৎসাসেবার সুনাম অক্ষুন্ন রাখতে হবে : রাষ্ট্রপতি

২। আজ প্রধানমন্ত্রী চাঁদপুর যাচ্ছেন

৩। ভোট চাওয়া আমার রাজনৈতিক অধিকার : আওয়ামী লীগ কার্যনিবাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী

৪। বৃটিশ লুসি হল্টকে বাংলাদেশের নাগরিকত্ব সনদ তুলে দিলেন প্রধানমন্ত্রী

৫। চলতি অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি টার্গেটের চেয়ে বেশি অর্জিত হবে : অর্থমন্ত্রী

৬। নিরাপত্তা বাহিনী জঙ্গিদমনে সজাগ রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। প্রশ্নফাঁসে জড়িত কাউকে ছাড় দেওয়া হবে না : শিক্ষামন্ত্রী

৮। আগামীকাল এইচএসসি পরীক্ষা শুরু

৯। গাজীপুর ও খুলনা সিটিতে ভোট ১৫ মে

চলমান পাতা-২

১। চিকিৎসাসেবার সুনাম অক্ষুন্ন রাখতে হবে : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, অল্প কিছু মানুষের অসততার কারণে চিকিৎসাসেবার সুনাম নষ্ট হচ্ছে। রোগীরা যেন চিকিৎসকদের আচরণে কষ্ট না পায় সেদিকে খেয়াল রাখার আহ্বান জানান তিনি। গতকাল (৩১ মার্চ শনিবার) প্যান প্যাসিফিক হোটেল সোনারগাঁওয়ে অ্যাসোসিয়েশন অভ্ ফিজিশিয়ানস অভ্ বাংলাদেশ (এপিবি) এর ২৯তম বার্ষিক সম্মেলন ও আন্তর্জাতিক অধিবেশনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৬), সমকাল (পৃ.১৯, ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক. ২), ডেইলি সান (পৃ.২,ক.২)।

২। **আজ প্রধানমন্ত্রী চাঁদপুর যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১ এপ্রিল রোববার) চাঁদপুর যাচ্ছেন। আজ সকাল ১১টায় তিনি চাঁদপুর জেলার হাইমচর উপজেলার ৩নং আলগী দক্ষিণ ইউনিয়নের চরভাঙ্গা এলাকায় বাংলাদেশ স্কাউটের '৬ষ্ঠ জাতীয় কমডেকা' বা কমিউনিটি ডেভেলপমেন্ট ক্যাম্পের উদ্বোধন করবেন। এরপর তিনি বিকেল ৩টায় চাঁদপুর স্টেডিয়ামে ৪৮টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিফলক স্থাপন ও উদ্বোধন করবেন। তারপর একই স্থানে চাঁদপুর জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় প্রধানমন্ত্রী ভাষণ দেবেন বলে আশা করা যাচ্ছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

৩। **ভোট চাওয়া আমার রাজনৈতিক অধিকার : আওয়ামী লীগ কার্যনিবাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী নির্বাচন সামনে রেখে মানুষের ঘরে ঘরে গিয়ে ভোট চাইতে হবে। প্রধানমন্ত্রী বলেন, তিনি একটি দলের সভাপতি। দলের পক্ষে তিনি ভোট চাইতেই পারেন। তিনি বলেন, ভোট চাওয়া আমার রাজনৈতিক অধিকার। প্রধানমন্ত্রী আরো বলেন, আমরা চাই বাংলাদেশের মানুষের জীবন উন্নত হবে। জাতির পিতার নেতৃত্বে যুদ্ধ করে আমরা দেশকে স্বাধীন করেছি। আমরা কারও কাছে মাথা নত করব না। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ অবশ্যই উন্নত ও সমৃদ্ধিশালী দেশে পরিণত হবে। গতকাল (৩১ মার্চ শনিবার) গণভবনে আওয়ামী লীগের কার্যনিবাহী সংসদের বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

৪। **বৃটিশ লুসি হল্টকে বাংলাদেশের নাগরিকত্ব সনদ তুলে দিলেন প্রধানমন্ত্রী**

বৃটিশ লুসি হেলেন ফ্রান্সিস হল্টকে বাংলাদেশের নাগরিকত্ব দেওয়া হয়েছে। ৮৭ বছর বয়সী লুসি জীবনের ৫৭ বছর কাটিয়ে দিয়েছেন বাংলাদেশে; এদেশের মাটি ও মানুষকে ভালবেসেছেন। বাংলাদেশকে ভালোবেসে যুগের পর যুগ মানুষের সেবায় নিয়োজিত থাকায় গতকাল (৩১ মার্চ শনিবার) লুসি হল্টের হাতে বাংলাদেশের নাগরিকত্বের সনদটি তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)।

৫। **চলতি অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি টার্গেটের চেয়ে বেশি অর্জিত হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ইতিবাচক ও টেকসই উন্নতি করতে হলে মৌলিক শিল্প কারখানা স্থাপন করতে হবে। মৌলিক শিল্পোৎপাদন হতে হবে। তিনি আরো বলেন, এ বছর অর্থনৈতিক প্রবৃদ্ধির টার্গেট সাত দশমিক চার ভাগ। তবে টার্গেট পূরণ হয়ে এ বছর অর্থনৈতিক প্রবৃদ্ধি সাত দশমিক পাঁচ ভাগে দাঁড়াবে বলে আশা করা যাচ্ছে। আগামী অর্থবছরের জন্য জিডিপি'র প্রবৃদ্ধি সাত দশমিক আট নির্ধারণ করবেন বলে তিনি জানান। গতকাল (৩১ মার্চ শনিবার) মন্ত্রী নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে মেঘনা ইকোনমিক জোন, মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোন ও মেঘনা গ্রুপের আটটি শিল্প প্রতিষ্ঠানের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ ও রেলমন্ত্রী মুজিবুল হক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.৬)।

৬। **নিরাপত্তা বাহিনী জঙ্গি দমনে সজাগ রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশে জঙ্গিবাদ মাথাচাড়া দিতে পারবে না। তবে ষড়যন্ত্রকারীরা বসে নেই। আমাদের নিরাপত্তা বাহিনী জঙ্গি দমনে যথেষ্ট সজাগ রয়েছে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, বর্তমানে যে অভিযান চলছে তাতে তাদের মাথাচাড়া দেওয়ার কোনো সুযোগ নেই। মন্ত্রী গতকাল (৩১ মার্চ শনিবার) সাতক্ষীরার দেবহাটায় নতুন থানা ভবন উদ্বোধনশেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**৭। প্রশ্নফাঁসে জড়িত কাউকে ছাড় দেওয়া হবে না : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রশ্নফাঁসে জড়িতদের কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল (৩১ মার্চ শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের মূল মিলনায়তনে দুই দিনব্যাপী জাতীয় এক সম্মেলনের উদ্বোধনশেষে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ হুঁশিয়ারি দেন। 'বাংলাদেশে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন, শিক্ষায় করণীয়, চ্যালেঞ্জ এবং সম্ভাবনা' শীর্ষক এ জাতীয় সম্মেলনের আয়োজন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.৩ ,ক.৬)।

**৮। আগামীকাল এইচএসসি পরীক্ষা শুরু**

উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল (২ এপ্রিল সোমবার)। পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে এবার নানা রকম পদক্ষেপ নিয়েছে সরকার। পরীক্ষাকেন্দ্রের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ আদেশ ২ এপ্রিল থেকে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার দিনগুলোতে বলবৎ থাকবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৯। গাজীপুর ও খুলনা সিটিতে ভোট ১৫ মে**

গাজীপুর ও খুলনা সিটি করপোরেশন নির্বাচন হবে আগামী ১৫ মে। গতকাল (৩১ মার্চ শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন কার্যালয়ে কমিশনের সভাশেষে প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা দুই সিটি করপোরেশন নির্বাচনের তফসিল ঘোষণা করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬) **অবজারভার** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** মানসম্মত ও পর্যাপ্ত সিনেমার অভাবে দেশের সিনেমা হলগুলো চরম লোকসানের মুখে পড়ে ক্রমান্বয়ে বন্ধ হয়ে যাচ্ছে উল্লেখ করে মধ্যবিত্ত ও শিক্ষিতশ্রেণির দর্শকদের রুচির ভিত্তিতে মানসম্মত সিনেমা বানানোসহ সিনেমা হলের পরিবেশ ফিরিয়ে আনার সুপারিশ।

খ. **জনকণ্ঠ** : দেশের এমএস রড প্রস্তুতকারী প্রতিষ্ঠানগুলো সিন্ডিকেটের মাধ্যমে রডের দাম বাড়িয়ে দেওয়ায় সিন্ডিকেট ভেঙ্গে দিয়ে অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান।

গ. **প্রথম আলো, যুগান্তর, ভোরের কাগজ** : রাজধানীর চামেলিবাগে আবাসিক কমপ্লেক্সে লিফট দুর্ঘটনায় শিশু মৃত্যুর ঘটনা তুলে ধরে লিফট নিয়মিত রক্ষণাবেক্ষণ জরুরি হওয়ায় লিফটসংক্রান্ত নির্দেশনা ভবনমালিকরা যাতে পালন করে সরকারকে তা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **সমকাল** : ময়মনসিংহের ভালুকায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে হতাহতের ঘটনাসহ দেশের বিভিন্ন স্থানে এ ধরণের দুর্ঘটনা ঘটার পরিপ্রেক্ষিতে গ্যাস সিলিন্ডারের মান নিয়ন্ত্রণে সর্বোচ্চ নজরদারি আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট, নিউ এজ** : শিক্ষার গুণগত মানোন্নয়নে শ্রেণিকক্ষে দক্ষ প্রশিক্ষিত শিক্ষকদের দ্বারা পাঠদানের ব্যবস্থা নিশ্চিত করা হলে কোচিং সেন্টারের প্রভাব কমে আসার প্রত্যাশা।

চ. **ডেইলি সান, ডেইলি স্টার** : ১৩ থেকে ১৮ বছরের শিশুদের মোবাইলে ইন্টারনেট ব্যবহার আসক্তি উদ্বেগজনক পর্যায়ে বেড়ে যাওয়ায় তা তাদের মানসিক বিকাশে মারাত্মক ক্ষতিকর প্রভাবের আশঙ্কা করে পিতামাতা ও অভিভাবকদের এ বিষয়ে সতর্ক হওয়ার আহ্বান।

ছ. **ডেইলি স্টার** : বুড়িগঙ্গা নদীর তীরের সব অবৈধ ডকইয়ার্ডের বিরুদ্ধে বিআইডব্লিউটিএকে কঠোর আইনি পদক্ষেপ নিয়ে সকল অবৈধ ডকইয়ার্ড ধ্বংস করার প্রত্যাশা।

জ. **অবজারভার** : নানাবিধ দুর্ঘটনায় আহতদের দ্রুত চিকিৎসা দিতে দেশের প্রধান প্রধান শহরগুলোতে বিশেষায়িত হাসপাতাল প্রতিষ্ঠার ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে স্বাস্থ্যসেবায় সুষ্ঠু ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা গেলে চিকিৎসা ক্ষেত্রে বিদ্যমান সমস্যাগুলো দ্রুত সমাধান করা সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা